



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭



ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি
সভার তারিখ ২৬/০৮/২০২১ খ্রি.
সভার সময় বেলা ২:৩০ টা
স্থান অডিটোরিয়াম, ইউজিসি ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
উপস্থিতি পতাকা 'ক'

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকীর শুভেচ্ছা জানান। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের ইনোভেশন টিমের সদস্য-সচিব ও সিনিয়র সহকারী পরিচালক জনাব রবিউল ইসলামকে নির্দেশ প্রদান করেন।

সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম-১.৪ বাস্তবায়নের লক্ষ্যে ইতঃপূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা এবং সেবা সহজিকৃত ও ডিজিটাইজ করা হয়েছে সে সকল সেবার বর্তমান অবস্থা ও সহজিকরণ/ডিজিটাইজ/উদ্ভাবন এর ফলে কী ফলাফল পাওয়া গেছে সে বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের সাথে পর্যালোচনা সভা আহ্বানের লক্ষ্যে কমিশনের সকল বিভাগ থেকে ৩১ জুলাই ২০২১ তারিখের মধ্যে কমিশনের ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য একটি পত্র ২৫-৭-২০২১ তারিখে প্রেরণ করা হয়েছিল। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা এবং সেবা সহজীকরণ ও সেবা ডিজিটাইজেশন এর তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবার নাম	সংশ্লিষ্ট বিভাগ
১.	রিসার্চ প্রজেক্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার	রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ
২.	বিদেশি ডিগ্রি সমতা বিধান সহজিকরণ।	
৩.	EFT- এর মাধ্যমে প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় এবং প্রকল্প পরিচালক ও বিশেষজ্ঞ সম্মানী প্রদান	
৪.	EFT- এর মাধ্যমে প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় এবং গবেষকগণের অনুকূলে আর্থিক অনুদান প্রদান।	
৫.	ই-ক্লিপিংস ব্যবস্থা প্রবর্তন	জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ
৬.	ইউজিসি ই-বুলেটিন ব্যবস্থা প্রবর্তন	
৭.	ডিজিটাল শুভেচ্ছা কার্ড চালুকরণ	
৮.	সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রেস বিজ্ঞপ্তি গণবিজ্ঞপ্তি প্রচার	

সভাপতি মহোদয় অনুমতিক্রমে সংশ্লিষ্ট বিভাগ থেকে বাস্তবায়িত সেবার বর্তমান অবস্থা ও সহজিকরণ/ডিজিটাইজ/উদ্ভাবন এর ফলে কী ফলাফল পাওয়া গেছে সে বিষয়টি পাওয়ারপয়েন্ট প্রজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করা হয় এবং উপস্থিত সদস্যগণের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।

সিদ্ধান্ত: কমিশনের ইতঃপূর্বে বাস্তবায়িত সেবার বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) বিদেশি ডিগ্রি সমতা বিধান সহজিকরণে আবেদনকারীগন যেন সকল তথ্যাদি অনলাইনে সরবরাহ করেন সেজন্য চেকলিষ্ট আপডেট করতে হবে এবং আবেদনকারীগন আবেদন প্রক্রিয়ার স্ট্যাটাস জানতে পারার প্রয়োজনীয় ব্যবস্থা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ থেকে গ্রহণ করার সুপারিশ করা হলো।

খ) রিসার্চ প্রজেক্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার এর ক্রয় প্রক্রিয়া দ্রুততম সময়ে শেষ করার জন্য কমিশনের সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: পতাকা-ক।



প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২১.৯৪

তারিখ: ২০ ভাদ্র ১৪২৮

০৪ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন সেবা বক্সে আপলোডের অনুরোধ করা হলো)
- ৩) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৭) নথি, ইউজিসি
- ৮) মহানথি, ইউজিসি



রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
এবং সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট,
ইনোভেশন টিম